

“আয়কর পেশাজীবী নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের অভিনন্দন ও আয়কর মেলা-২০১৭, চট্টগ্রাম এ আমন্ত্রণ”

মেলায় স্থানঃ জিইসি কনভেনশন সেন্টার, চট্টগ্রাম
মেলায় তারিখ ও সময়ঃ ০১-০৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ
প্রতিদিন সকাল ১০-০০ ঘটিকা থেকে বিকাল ৫-০০ ঘটিকা

আয়কর পেশাজীবী শুধু একটি পেশাই নয়, বরং দেশের উন্নয়নে সরাসরি সম্পৃক্ত হওয়া। সম্মানিত করদাতাদের কর শিক্ষায় শিক্ষিত করা, কর প্রদানে উদ্বুদ্ধ করাসহ নানা কর্মকাণ্ডের মাধ্যমে দেশের উন্নয়নে প্রত্যক্ষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে আয়কর পেশাজীবীগণ। যে সকল ব্যক্তিবর্গ দেশের উন্নয়নে সরাসরি সম্পৃক্ত হওয়ার মহানব্রত নিয়ে কঠোর পরিশ্রমের মাধ্যমে আয়কর পেশাজীবী নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হয়েছেন, আয়কর প্রশাসন, চট্টগ্রাম তাদেরকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছে। আয়কর প্রশাসন, চট্টগ্রাম বিশ্বাস করে, নতুন আয়কর পেশাজীবীগণ দেশের রাজস্ব আহরণে আরো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আয়কর প্রশাসন, চট্টগ্রামের উদ্যোগে আগামী ০১-০৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ চট্টগ্রামের জিইসি কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাওয়া আয়কর মেলায় নতুন আয়কর পেশাজীবীগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছে আয়কর প্রশাসন, চট্টগ্রাম। মেলায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে নতুন আয়কর পেশাজীবীগণ আয়কর জ্ঞান সম্পর্কে সম্যক জ্ঞান লাভের পাশাপাশি সম্মানিত করদাতা এবং কর বিভাগের সাথে আত্মিক সম্পর্ক স্থাপনে সক্ষম হবেন বলে আমরা মনে করি।

একটি দেশের আর্থ-সামাজিক তথা সামগ্রিক উন্নয়ন অনেকাংশেই জিডিপি’তে জাতীয় রাজস্বের অবদানের উপর নির্ভর করে। ২০১৮-২০১৯ অর্থ বছরে জিডিপি’তে রাজস্বের অবদান ১৫.৩% উন্নীত করণের যে লক্ষ্যমাত্রা সরকার নির্ধারণ করেছে তা সরকারের একাধিক পক্ষে অর্জন করা সম্ভব নয়, প্রয়োজন সমন্বিত প্রয়াস, প্রয়োজন সমন্বিত উদ্যোগ। অংশীজন সম্পর্ক জোরদার, পারস্পারিক আস্থা অর্জনের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড সরকারের লক্ষ্যপূরণে নিরলস পরিশ্রম করে যাচ্ছে। রাজস্ব আদায়ের যুথবদ্ধ কর্মযজ্ঞে নতুন আয়কর পেশাজীবীদের সহযোগিতার হাত সব সময় আমাদের দিকে প্রসারিত থাকবে বলে আয়কর প্রশাসন, চট্টগ্রাম বিশ্বাস করে।

উন্নয়নের সোনালী সূর্য আর বেশী দূরে নয়, তা এখন দৃশ্যমান। আসুন, মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প-২০৪১ বাস্তবায়নে এবং আমাদের পরবর্তী প্রজন্মের কাছে একটি সোনার বাংলা উপহার দিতে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করি।

শুভেচ্ছাসহ-

আয়কর প্রশাসন, চট্টগ্রাম